বেগম খালেদা জিয়া হল
রাজশাহী বিশ্ববিদ্যালয়

গনরুমের নিয়মাবলী

১. গণরুমে সিট পাওয়ার পর ১মাস অবস্থান না করলে হল কর্তপক্ষ কর্তক সিট কাটা যাবে।

২. সিনিয়র ব্যাচের লিডার রুমে সিট পেলে লিডার নিজ দায়িত্বে নিজ সারির লিডার নির্বাচিত করে রুমে উঠবে।

৩. সকাল ৭:০০ টা থেকে রুমে আলো জ্বালানো যাবে এবং জানালা, দরজা খোলা যাবে। জানালার পাশের ছাত্রী ঘুমন্ত থকলেও যে কেউ নিঃশব্দে জানালা খুলতে পারবে। তবে দিনের বেলা প্রয়োজন ছাড়া (পড়া, খাওয়া ব্যতীত) আলো বন্ধ থাকবে।

৪. দুপুরে ৩:০০ -৪:৩০ টা পর্যন্ত লাইট, জানালা ও দরজা বন্ধ থাকবে।

৫. রাত ১২:০০ টায় রুমের লাইট বন্ধ হবে এবং হলের বাইরের দিক সংলগ্ন জানালা বন্ধ থাকবে ও সকাল ৭:০০ টায় খুলে দিতে হবে।

৬. রাত ১২:০০ টায় আলো বন্ধ হওয়ার পর ফোনের ব্রাইটনেস কমিয়ে রাখতে হবে, ফ্ল্যাশ বা ব্যাক্তিগত লাইট ব্যবহার করা যাবে না। গল্প বা কোনো ধরনের শব্দ করা যাবে না।

৭. রুমের 'রিলাক্স টাইম' রাত ৯:০০-৯:৩০ টা। এই সময়ে বিছানা ঝাড়ু দেওয়াসহ (অন্যথায় কাপড় ব্যবহার করতে হবে) যাবতীয় কাজ (যেমন: ফোনে কথা বলা) করা যাবে তবে ভিডিও কলে কথা বলা যাবে না। বিশেষ প্রয়োজনে বারান্দায় ভিডিও কলে কথা বলতে পারবে।

৮. রুমে হাঁটার সময় একে অপরকে জায়গা দিতে হবে। এটি সিনিয়র, জুনিয়র ও ব্যাচমেট সকলের জন্য প্রযোজ্য।

৯. মশারী বাঁধা তারের উপর অতিরিক্ত কাপড় ঝুলিয়ে রাখা যাবে না।

১০. রুমে কোনো প্রকার ময়লা করা যাবে না (যেমন: চুল আচঁড়ানো)।

১১. বারান্দায় কথা বলা যাবে না এবং কাপড় শুকিয়ে যাওয়া মাত্র তুলে নিতে হবে। দুইদিন পর্যন্ত কাপড় থাকলে তা যে কেউ বারান্দার দেয়ালে সরিয়ে রাখতে পারবে।

১২. রুমে শালীন পোশাক পরিধান করতে হবে এবং পোশাক পরিবর্তন করা থেকে বিরত থাকতে হবে।

১৩. রুমে সর্বদা ফোন ভাইব্রেট বা সাইলেন্ট রাখতে হবে। অযথা গল্প, আড্ডা বা শব্দ করা যাবে না।

১৪. অন্যের জিনিস বিনা অনুমতিতে ব্যবহার করা যাবে না।

১৫. ভেজা ছাতা বারান্দায় চলাচলের জায়গা ব্যতীত ফাকা স্থানে শুকিয়ে সরিয়ে নিতে হবে।

১৬. থালাবাসন ধোয়ার স্থানে পা রাখা যাবে না এবং অযথা থালাবাসন ফেলে রাখা যাবে না।

১৭. রান্নাঘরে রান্নার পর নিজ দায়িত্বে চুলা নামিয়ে রাখতে হবে। রান্নার সময়সীমা হবে সকাল ০৭:০০ টা থেকে দুপুর ০৩:০০ টা পর্যন্ত এবং বিকাল ০৫:০০ টা থেকে রাত ০৯:০০ টা পর্যন্ত।

১৮. গণরুমে সিট প্রদানের অগ্রাধিকার বিবেচনায় সিনিয়র-জুনিয়র ডাবলিং করতে হবে। বিশেষ ক্ষেত্রে তা পরিবর্তনযোগ্য।

১৯. বাথরুম ও টয়লেট:

(i) টয়লেট ব্যবহারের পর পর্যাপ্ত পানি ঢালতে হবে।

(ii) বাথরুম বা টয়লেটে কোনো ধরনের জিনিস রেখে আসা যাবে না (যেমন: কাপড়, শ্যাম্পুর প্যাকেট)।

(iii) দ্বিতীয় ও তৃতীয় নম্বর টয়লেটে নির্দিষ্ট জায়গায় প্যাড ফেলতে হবে।

(iv) বেসিন ব্যবহারের সময় সতর্কতার সাথে পানি ব্যবহার করতে হবে যেন অন্যের গায়ে পানির ছিটা না পড়ে।

(v) কাঁদা পায়ে বাথরুম বা টয়লেটে প্রবেশ করা যাবে না।

২০. সর্বোপরি সর্বত্র পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে।

উপর্যুক্ত নিয়মাবলী কেনো শিক্ষার্থী কর্তৃক লঙ্ঘিত হলে ৩ ধরনের ওয়ার্নিং কার্যকর হবে।

১ম ওয়ার্নিং: নিয়ম লঙ্ঘনকারীকে বুঝিয়ে বলতে হবে।

২য় ওয়ার্নিং: নিয়ম লঙ্ঘনকারীকে কঠোর ভাষায় বলতে হবে।

৩য় ওয়ার্নিং: নিয়ম লঙ্ঘনকারীকে ৫০ টাকা জরিমানা দিতে হবে।

" গণরুমের সকল শিক্ষার্থী লিডারদের সাথে সমন্বয় করে শৃঙ্খলা বজায় রাখবে"।

আদেশক্রমে
কর্তৃপক্ষ